দৈনিক
ইত্তেফাক

তারিখ 22 JUN 2016
পৃষ্ঠা ৮ কলাম ৫

# বাঘায় শিক্ষাবৃত্তির টাকা পেয়ে খুশি উপজাতি শিক্ষার্থীরা

■ বাঘা (রাজশাহী) সংবাদদাতা

বাঘায় শিক্ষাবৃত্তির টাকা পেয়ে মহাখুশি হয়েছে উপজাতি ক্ষুদে শিক্ষার্থীরা। চলতি অর্থ বছরে বিশেষ এলাকার জন্য বর্তমান সরকারের উন্নয়ন সহায়তা শীর্ষক কর্মসূচির আওতায় সোমবার দুপুরে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে এ অর্থ প্রদান করা হয়।

সূত্রে জানা গেছে, বর্তমান সরকার দেশব্যাপী উপজাতি শিক্ষর্থীদের স্কুলমুখী করাসহ সুশিক্ষায় গড়ে ওঠার জন্য শিক্ষাবৃত্তি প্রদান বর্মসূচি হাতে নিয়েছেন। সেই আলোকে প্রথম বারের মতো জেলার বাঘায় ২৯ জন শিক্ষার্থীর জন্য ৭৩ হাজার ২০০ টাকা বরাদ্দ আসে। এর মধ্যে প্রাথমিক স্থরে '২৮' জন ক্ষুদে শিক্ষার্থীকে দেয়া হয়েছে ২ হাজার ৪০০ করে টাকা। অপর দিকে মাধ্যমিক পর্যায় ১ জন শিক্ষার্থীকে দেয়া হয়েছে ৬ হাজার টাকা। দুপুর ১টায় উপজেলা নির্বাহী কর্মকর্তা হামিদুল ইসলাম নিজে উপস্থিত থেকে এ সব অর্থ বিতরণ করেন। এ সময় তার পাশে ছিলেন বাঘা উপজেলা পরিষদের চেয়ারম্যান মওলানা জিন্নাত আলী, আড়ানী পৌর মেয়র মুক্তার হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান ও বীর মুক্তিযোদ্ধা শফিউর রহমান শফি, নারী ভাইস চেয়ারম্যান ফারহানা রুমি, সহকারী কমিশনার (ভূমি) শিমুল আক্তার, বাঘা থানা অফিসার ইনচার্জ (ওসি) আলী মাহামুদসহ আরো অনেকে।

উপবৃত্তির টাকা নিতে আসা ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থী রুমা পাহাড়িয়া, পঞ্চম শ্রেণির পুরভীত, তৃতীয় শ্রেণির আশারানী এবং ৪র্থ শ্রেণির অনন্ত কুমার জানায়, বর্তমান সরকার মাধ্যমিক পর্যায়ে গরিব এবং মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তির পাশাপাশি আমাদের জন্য আলাদা কোটায় শিক্ষাবৃত্তি প্রদান করায় আমরা অত্যন্ত খুশি।